



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/পটুয়া-১০/২০২১৩

তারিখ: ২৬ অশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ
০১ অক্টোবর ২০২০ খ্রি.

বিষয় : প্রয়োজনীয় কাগজপত্রসহ উপস্থিত হয়ে লিখিত ও মৌখিক বক্তব্য প্রদান প্রসঙ্গে

সূত্র : বামাশিবো/প্রশা/পটুয়া-১০/১০৮৭৫ তারিখ: ০২.০৬.২০২০ ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে পটুয়াখালী জেলার সদর উপজেলাধীন গেরাখালী নুরিয়া দাখিল মাদ্রাসার সুপার গাজী মো: নুরুজ্জামান সন্ত্রাস দমন আইনে গ্রেফতার, জেল হাজত, সাময়িক বরখাস্ত, জামিনে মুক্তি, মামলা চলমান থাকা অবস্থায় মাদ্রাসার সুপারের দায়িত্ব পালনসহ সরকারী বেতন-ভাতাদির সম্পূর্ণ (১০০%) অংশ গ্রহণ এবং সাময়িক বরখাস্ত থাকা অবস্থায় ম্যানেজিং কমিটি-২০১৯ গঠনসহ বিধি বহির্ভূতভাবে বিভিন্ন প্রাতিষ্ঠানিক দায়িত্ব পালন করছেন মর্মে মাদ্রাসার প্রতিষ্ঠাতা দাবিদার জনাব গাজী নুর আহাম্মদ অভিযোগ দায়ের করেন। উক্ত অভিযোগের আলোকে জেলা প্রশাসক, পটুয়াখালী কর্তৃক তদন্তে অভিযোগের সত্যতা প্রতীয়মান হওয়ায় সুত্রোক্ত স্মারকে কারণ দর্শানো পত্র প্রেরণ করা হয়।

বর্ণিত অবস্থায় অভিযোগের বিষয়ে সুস্পষ্ট লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্রসহ মাদ্রাসাটি প্রতিষ্ঠাকালীন প্রতিষ্ঠাতা বিষয়ে দলিল, রেজুলেশন ও প্রতিষ্ঠাতা সংক্রান্ত যাবতীয় কাগজপত্র, সুপার জনাব গাজী মো: নুরুজ্জামান সন্ত্রাস দমন আইনে গ্রেফতার, জেল হাজত, সাময়িক বরখাস্ত ও পুনর্বহাল সংক্রান্ত ম্যানেজিং কমিটির রেজুলেশনসহ প্রয়োজনীয় সকল কাগজপত্রসহ ১৪.১০.২০২০ ইং রোজ বুধবার সকাল ৯.৩০ ঘটিকায় নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে উপস্থিত হওয়ার জন্য মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি ও সুপারকে অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


০২.১০.২০২০

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

- ১। সভাপতি, ম্যানেজিং কমিটি,
গেরাখালী নুরিয়া দাখিল মাদ্রাসা, পো: ইসলামাবাদ, সদর, পটুয়াখালী।
- ২। সুপার, গেরাখালী নুরিয়া দাখিল মাদ্রাসা,
পো: ইসলামাবাদ, সদর, পটুয়াখালী।



০২.১০.২০২০

নং-বামাশিবো/প্রশা/পটুয়া-১০/২০২১৩

তারিখ: ২৬ অশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ
০১ অক্টোবর ২০২০ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, পটুয়াখালী;
২. জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী;
৩. উপজেলা নির্বাহী অফিসার, সদর, পটুয়াখালী;
৪. পিও টু চেয়ারম্যান/পিএ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৫. অফিস কপি।


১/১০/২০২০
মোঃ ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪


০২.১০.২০২০